

কালেক্টরেট কিশলয় স্কুল, মুন্সীগঞ্জ

মোবাইল: +৮৮০১৭৭২২৯৯৬০, টেলিফোন: ০২-৭৬১১১২৪

ই-মেইল: collectorateschoolmunshiganj@gmail.com

নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখ: ০৪ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

জেলা প্রশাসন, মুন্সীগঞ্জ কর্তৃক পরিচালিত কালেক্টরেট কিশলয় স্কুল এ নিম্ন লিখিত পদ সমূহের জন্যে যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম ও বিষয় | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বেতন স্কেল |
|---------|--|--|--------------------|--|---------------------------------------|
| ০১ | সহকারী শিক্ষক ক. ইংরেজি খ. গণিত গ. বাংলা ঘ. সমাজ | প্রতি বিষয়ে ০১ (এক) জন করে মোট ০৪ (চার) জন | অনুর্ধ্ব ৩০ বছর | ১। যেকোন বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। শিক্ষা জীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়। ২। শিক্ষকতায় অভিজ্ঞ, বি.এড এবং স্কুল নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হবে। ৩। নাচ, গান, চিত্রাঙ্কন, আবৃত্তি, শুদ্ধ উচ্চারণ, স্পোকেন ইংলিশ ইত্যাদি বিষয়ে অভিজ্ঞ প্রার্থীরা অগ্রাধিকার পাবে। | গ্রেড: ১২ তম (১১,৩০০- ২৭,৩০০/-) |
| ০২ | কম্পিউটার অপারেটর | ০১ জন | অনুর্ধ্ব ৩০ বছর | ১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রিধারী হতে হবে। ২। ওয়ার্ড প্রসেসিং, এক্সেলশিট, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন, বেসিক কম্পিউটার ট্রাবল সুল্টিং এ দক্ষতা থাকতে হবে এবং কম্পিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যার বিষয়ে বেসিক ধারণা থাকতে হবে। ৩। কম্পিউটার প্রতি মিনিটে বাংলা ২৫ ও ইংরেজি ৩০ শব্দ টাইপিংয়ের গতি থাকতে হবে। | গ্রেড: ১৩ তম (১১,০০০- ২৬,৫৯০/-) |

শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীগণকে সভাপতি, কালেক্টরেট কিশলয় স্কুল, মুন্সীগঞ্জ বরাবর আবেদন করতে হবে। স্বহস্তে লিখিত আবেদন স্বাক্ষরসহ মোবাইল ও ই-মেইল উল্লেখ পূর্বক আগামী ০৫/০২/২০২৩ ইং তারিখ বিকেল ৫:০০ টার মধ্যে ডাকযোগে বা সরাসরি প্রধান শিক্ষক, কালেক্টরেট কিশলয় স্কুল, মুন্সীগঞ্জ সদর থানা রোড, মুন্সীগঞ্জ নিকট পৌছাতে হবে। কোন অবস্থাতেই নির্ধারিত সময়ের পরে প্রেরিত আবেদন গৃহিত হবে না।
- আবেদন পত্রের সাথে প্রার্থীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদ (যদি থাকে) স্কুলশিক্ষক নিবন্ধন পরীক্ষার সনদ (যদি থাকে), স্থানীয় ইউপি চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি, কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি এবং সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের খামের উপরে পদ ও বিষয়ের নাম স্পষ্ট করে লিখতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ০১ নং পদে আবেদনকারীকে ১০০০/- (এক হাজার) ও ০২ নং পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) কালেক্টরেট কিশলয় স্কুল, মুন্সীগঞ্জ এর অনুকূলে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে ওয়েবসাইট (<https://cksm.edu.bd>) ও নোটিশ বোর্ডের মাধ্যমে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য <https://cksm.edu.bd> ওয়েবসাইটে পাওয়া যাবে।
- প্রার্থীকে অবশ্যই মুন্সীগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- যেকোন ধরনের তদবির/ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর, অযোগ্যতা বলে বিবেচিত হবে।

স্বাক্ষরিত/-
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মুন্সীগঞ্জ
ও
সভাপতি
কালেক্টরেট কিশলয় স্কুল, মুন্সীগঞ্জ